আমরা নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের যুগে এক সা‘ খাদ্যদ্রব্য বা এক সা‘ যব বা এক সা’ পনির বা এক সা‘ কিসমিস দিয়ে সাদকাতুল ফিতর আদায় করতাম। অতঃপর যখন মু‘আবিয়া রাদিয়াল্লাহু ‘আনহুর যুগ আসল আর গম আমদানী হলো তখন তিনি বললেন, আমার মনে হয় এ গম থেকে এক মুদ গম (পূর্বোক্তগুলোর) দু’ মুদ-এর সমপরিমাণ হবে।

আবূ সাঈদ আল-খুদরী রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমরা নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের যুগে এক সা‘ খাদ্যদ্রব্য বা এক সা’ যব বা এক সা’ পনির বা এক সা’ কিসমিস দিয়ে সাদকাতুল ফিতর আদায় করতাম। যখন মু‘আবিয়া রাদিয়াল্লাহু ‘আনহুর যুগ আসল এবং শামী গম আমদানী হলো তখন তিনি বললেন, আমার দৃষ্টিতে এর এক মুদ গম (পূর্বোক্তগুলোর) দু’ মুদ-এর সমপরিমাণ হবে। আবূ সা‘ঈদ বলেন, কিন্তু আমি, যেভাবে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের যুগে সাদকাতুল ফিতর আদায় করতাম
এখনো সেভাবে আদায় করব। [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

আবূ সা‘ঈদ আল-খুদরী রাদিয়াল্লাহু ‘আনহু জানাচ্ছেন যে, লোকজন নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের যুগে এক সা‘ খাদ্যদ্রব্য দিয়ে যাকাতুল ফিতর আদায় করত। যখন মু‘আবিয়া রাদিয়াল্লাহু ‘আনহু তার খিলাফাত আমলে মদীনায় আগমন করলেন তখন তিনি বললেন, আমার দৃষ্টিতে শামী গমের অর্ধ সা‘ অন্যান্য গমের এক সা‘ এর সমপরিমাণ। ফলে মানুষ তার মত গ্রহণ করল; কিন্তু আবূ সা‘ঈদ রাদিয়াল্লাহু ‘আনহু তার মতকে প্রত্যাখান করলেন এবং যে প্রকারের খাদ্য হোক তার এক সা‘ দিয়ে সাদাকাতুল ফিতর আদায় করার ওপর অটল থাকলেন, যেভাবে তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের যুগে সাদকাতুল ফিরত আদায় করতেন, তাঁর অনুসরণে এবং সদাকা দ্বারা যাতে অভাবীর অভাব পূরণ হয় সে স্বার্থে।

https://sunnah.global/hadeeth/bn/show/4454